তারিখ 25 APR 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# শুরু হল জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬-এর চূড়ান্ত পর্ব

বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে দ্বিতীয়বারের মতো দেশব্যাপী ১৬টি অঞ্চলে আয়োজন করা হয় জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬-এর আঞ্চলিক পর্ব। এই ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীদের নিয়ে ২৪ এপ্রিল রোববার রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইন্সটিটিউট মিলনায়তনে শুরু হয়েছে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৬-এর চূড়ান্ত পর্ব। এতে আঞ্চলিক পর্যায়ের কুইজ প্রতিযোগিতার বিজয়ী ৯৬৮ জন এবং প্রোগ্রামিং



প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের একাংশ

প্রতিযোগিতার বিজয়ী ৩১৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।

সকাল ৯টায় বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি। উদ্বোধনের পর শুরু হয় ৩০ মিনিটের কুইজ প্রতিযোগিতা ও ৩ ঘণ্টাব্যাপী প্রোগ্রামিং প্রতিযোগিতা। এতে প্রোগ্রামিং প্রতিযোগিতায় সিনিয়র ও জুনিয়র ক্যাটাগরিতে মোট ৪০ জন এবং কুইজ প্রতিযোগিতায় জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারিতে মোট ৬০ জনকে বিজয়ী ঘোষণা করা হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি বলেন, এই তরুণ প্রজন্মই আগামী দিনে দেশকে এগিয়ে নেবে। আমাদের তরুণদের তথ্যপ্রযুক্তির জ্ঞান সম্পর্কে ভালো ধারণা দিতে হবে। শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। তিনি আরও বলেন, কম্পিউটারের নিজস্ব ভাষা আছে। সেই ভাষা আমাদের জানতে হবে। প্রোগ্রামিংয়ের সেই ভাষা জেনে বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে প্রতিযোগিতা করে এগিয়ে যেতে হবে। প্রোগ্রামিং শুধু কম্পিউটার প্রকৌশলীদের জানলে চলবে না, সব পেশাজীবীর এগিয়ে যেতে প্রোগ্রামিংয়ের বিকল্প নেই।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য দেন রবি আজিয়াটা লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক সুপুন বীরা সিংহে।

উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান স্বাগত বক্তব্যে বলেন, সারা দেশে এ আয়োজন ব্যাপক সাড়া ফেলেছে। প্রতিটি আয়োজন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষক ও অভিভাবকদের মধ্যে আগ্রহ ছিল চোখে পড়ার মতো। তিনি আরও বলেন, সারা দেশের শিক্ষার্থীদের মধ্যে প্রোগ্রামিং ছড়িয়ে দিতে হবে।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক লাফিফা জামালসহ অনেকে উপস্থিত ছিলেন।

এর আগে এ আয়োজনের আওতায় ৬৪টি জেলায় ৭০০ হাইস্কুলে প্রচারণামূলক অ্যাকটিভেশন কার্যক্রম পরিচালনা করা হয় যেখানে দুই লক্ষাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। অন্যদিকে ১৬টি জেলায় আঞ্চলিক প্রোগ্রামিং প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন করা হয়। প্রায় ২০ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করে। এ ছাড়া মেন্টরস ট্রেনিং, অনলাইন মেন্টরশিপ ও ফোরাম আলোচনা পরিচালনা করা হয়।

জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজনে রয়েছে আইসিটি ডিভিশন, প্রধান পৃষ্ঠপোষক হিসেবে রয়েছে রবি আজিয়াটা লিমিটেড, বাস্তবায়ন সহযোগিতায় বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক, একাডেমিক সহযোগিতায় কোডমার্শাল, পার্টনার হিসেবে আছে কিশোর আলো, এটিএন নিউজ, বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)।

প্রতিযোগিতা সম্পর্কে জানতে ভিজিট করুন : http:/ww/w.ictd.gov.bd অথবা http:/ww/w.nhspc.org/। এ ছাড়া ফেসবুক পেজ www.facebook.com/nhspcbd বিস্তারিত জানা যাবে।

—হাবিবা নাজনীন মিথিলা